গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৪ শাখা

**মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি/সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ১৬ নভেম্বর ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | রেলভবনস্থ ২য় তলার সভাকক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা- "পরিশিষ্ট-ক"। |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (আইন ও ভূমি/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি) ও যুগ্মসচিব (প্রশাসন/প্রশাসন-২/বাজেট/পরিকল্পনা/উন্নয়ন), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আই/আরএস), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৪/পরিকল্পনা-১) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট এবং বাংলাদেশ রেলওয়ের ডিআরএম (ঢাকা) উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি স্বাধীনতার মহান স্থপিত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ একটি দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন করতে হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি রেলপথ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৪)-কে অনুরোধ জানান।

২.১। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন, গত ১৪.০৭.২০২২ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। তিনি আন্ত:মন্ত্রণালয় সভায় জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি গ্রহণসহ ১৬ ডিসেম্বর ২০২২ তারিখে ঢাকাস্থ কমলাপুর, চট্টগ্রাম ও রাজশাহী রেলস্টেশনে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।


২.২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, প্রতিবছরের ন্যায় এ বছর মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ টায় ১(এক) মিনিট রেলওয়ের সকল কারখানায় সাইরেন এবং ট্রেনের হুইসেল বাজানো যেতে পারে।

২.৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের অফিসার্স ক্লাব, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সন্ধ্যায় কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখে ঢাকাস্থ রেলভবনসহ রেলওয়ের সকল অফিস, স্টেশন, ওয়ার্কসপ ও শিক্ষা-প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ২. | ঢাকাস্থ রেলভবন, সিআরবি (চট্টগ্রাম) ও রাজশাহী অফিস এবং কমলাপুর, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রেলওয়ে স্টেশনসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ  আলোকসজ্জাকরণ (পরিস্থিতি বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে)। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৩. | চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও খুলনা রুট হতে ঢাকা অভিমুখে আগত এবং ঢাকা থেকে বহির্গামী প্রহরের প্রথম ট্রেনটি সজ্জিতকরণ। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৪. | আগামী ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ টায় ১(এক) মিনিট রেলওয়ের সকল কারখানায় সাইরেন এবং ট্রেনের ইঞ্জিনের হুইসেল বাজানো। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৫. | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা-প্রতিষ্ঠানে কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৬. | বাংলাদেশ রেলওয়ের বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট ডিভিশনে সংবর্ধনা প্রদান। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; ২. ডিআরএম (সকল) বাংলাদেশ রেলওয়ে। |
| ৭. | আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সন্ধ্যায় রেলওয়ে অফিসার্স ক্লাব, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রামে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; ২. জিএম(পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে। |
| ৮. | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৯. | বাংলাদেশ রেলওয়ের নিন্ত্রণাধীন হাসপাতালসমূহে বিশেষ খাবার পরিবেশন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ১০. | কমলাপুর রেলওয়ে স্টেশনে সুবিধাজনক সময়ে "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; ২. যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়। |
| ১১. | ঢাকাস্থ কমলাপুর, চট্টগ্রাম ও রাজশাহী রেলওয়ে স্টেশনে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; ২. জিএম(পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে। |
| ১২. | বিজয়ের মাসজুড়ে "বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর" দু'টি ঢাকার বাইরে রেলওয়ের বিভিন্ন স্টেশনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে; ২. এডিজি (আরএস) বাংলাদেশ রেলওয়ে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: হুমায়ুন কবীর

সচিব


স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৯.২৩.০১৬.১৯.৩৩৪

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৯

১৬ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
৩) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৪) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, গুলশান, ঢাকা
৫) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৬) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে
৭) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
৮) সরকারি রেল পরিদর্শক (জিআইবিআর), রেলপথ পরিদর্শন অধিদপ্তর
৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
১০) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
১১) ডিআরএম (সকল), বাংলাদেশ রেলওয়ে
১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩) সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়



মীর আলমগীর হোসেন
উপসচিব